**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:04-08–2024**
**Time: 07.20–07.25 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**ED vote :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আজ রাজ্যের ৩৫টি ব্লকে ইলেকশন ডিউটি ভোট গ্রহণ করা হবে। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী জানিয়েছেন ভোট কর্মী, নিরাপত্তা কর্মী ও ভোটের কাজে নিযুক্ত অন্যান্য কর্মী মিলে প্রায় ১০ হাজার ভোটারের আজ ভোটাধিকার প্রয়োগ করার কথা। ভোট নেওয়ার পর ব্যালট পেপার বাক্সে সিল করে স্ট্রং রুমে রাখা হবে। তিনি আরো জানান সমস্ত স্ট্রং রুমে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

******************************

**Ker Puja :**

রাজ্যের ঐতিহ্যবাহী কের পুজা আজ ভোর ৫টায় শেষ হয়েছে। গত শুক্রবার রাত ১০টায় পূজা শুরু হয়েছিল। আগরতলার পুরান হাবেলি অর্থাৎ চতুর্দশ দেবতা বাড়ি প্রাঙ্গন ও নতুন হাবেলি অর্থাৎ উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গনে এই পুজা অনুষ্ঠিত হয়।

*********************************

**Telengana Governor :**

তেলেঙ্গানার রাজ্যপাল, যীষ্ণু দেববর্মা গতকাল নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী  নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয় এক্স-এ এখবর জানানো হয়েছে। উল্লেখ্য, ত্রিপুরার

প্রাক্তন উপ- মুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা গত ৩১শে জুলাই তেলেঙ্গানার রাজ্যপাল হিসেবে শপথ নেন।

*****************************

**PM, Agriculture :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আশ্বাস দিয়ে বলেছেন যে সরকার কৃষকদের জীবনযাত্রার উন্নতির লক্ষ্যে সংস্কার ও পদক্ষেপ নিয়ে কৃষি ক্ষেত্রকে শক্তিশালী করছে। গতকাল নতুনদিল্লিতে কৃষি অর্থনীতিবিদদের ৩২তম আন্তর্জাতিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, সরকারের অর্থনৈতিক নীতির কেন্দ্র হচ্ছে কৃষি। শ্রী মোদী বলেন, ভারত একটি খাদ্য উদ্‌বৃত্ত দেশ এবং বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তা এবং বৈশ্বিক পুষ্টি নিরাপত্তার সমাধান প্রদানে নিযুক্ত রয়েছে। তিনি বলেন, ভারত সবচেয়ে বেশি বাজরা, দুধ, ডাল ও মশলা উৎপাদন করে।

প্রধানমন্ত্রী বলেন, ভারত রাসায়নিকমুক্ত প্রাকৃতিক চাষের প্রচার করছে। তিনি বলেন, ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেটে সুস্থায়ী কৃষির ওপর বিশেষ জোর দেওয়া হয়েছে। তিনি বলেন, ভারত কৃষিক্ষেত্রে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করছে এবং প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির অধীনে সরাসরি দশ কোটি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে তহবিল স্থানান্তর করা হচ্ছে।

*****************************

**CPIM :**

ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে সিপিআইএম প্রার্থীদের সমর্থনে গতকাল ভারতচন্দ্র নগর ব্লকের উত্তর ভারতচন্দ্র নগর গ্রাম পঞ্চায়েতের তৈছামা এবং পাইখোলা গ্রাম পঞ্চায়েতের পাইখোলা

বাজারে নির্বাচনী মিছিল ও  সভা করে সিপিআইএম। সভাগুলিতে সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক বাসুদেব মজুমদার, বিধায়ক দীপঙ্কর সেন, পঞ্চায়েত সমিতির প্রার্থী নির্মল ভৌমিক, পদরাই ত্রিপুরা, প্রদীপ পাল প্রমুখ  বক্তব্য রাখেন।

*******************************

**BJP-Sonamura :**

সোনামুড়া মহকুমার কাঠালিয়া ব্লকের অন্তর্গত রবীন্দ্রনগর কমিউনিটি হলে গতকাল বিজেপি'র এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বি.জে.পির রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, বিধায়ক বিন্দু দেবনাথ, রাজ্য কমিটির সম্পাদিকা মৌসুমী দাস, বিজেপি সিপাহীজলা জেলা দক্ষিণ অংশ কমিটির সভাপতি দেবব্রত ভট্টাচার্যী প্রমুখ। এই সভায় সোনামুড়া মহকুমার ৪টি ব্লক এলাকার পঞ্চায়েত নির্বাচনে বি.জে.পি প্রার্থীরাও উপস্থিত ছিলেন।

*************************

**BJP-Khowai :**

বিধায়ক দীপক মজুমদার গতকাল খোয়াই পহরমুড়ায় ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে বিজেপি প্রার্থীদের সমর্থনে বাড়ি বাড়ি ভোট প্রচার করেন। এরপর তিনি পশ্চিম গনকী গ্রাম পঞ্চায়েতের কমিউনিটি হলে বিজেপি'র এক নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন।

****************************

**14th Organ Donation Day :**

দেশজুড়ে গতকাল ১৪তম ভারতীয় অঙ্গদান দিবস পালিত হয়। দিবসটি উপলক্ষে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনে National Organ and Tissue Transplant Organization (NOTTO) নয়াদিল্লিতে অঙ্গ দান সচেতনতা কর্মসূচির আয়োজন করে। এই উপলক্ষে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল যে সব ব্যক্তির ব্রেন-ডেথ ঘোষণার পর অঙ্গ দান করা হয়েছে সেইসব ব্যক্তির পরিবারের সদস্যদের অভিনন্দন জানিয়েছেন। তিনি সফল অঙ্গ প্রতিস্থাপনের জন্য সারা দেশে অঙ্গ গ্রহিতা এবং ডাক্তারদেরও অভিনন্দন জানান। তিনি বলেন, গত ১০ বছরে অঙ্গদানের হার চার গুণ বেড়ে ১৮ হাজার ৩৭৮-এ দাঁড়িয়েছে।

*******************************

**Har Ghar Tiranga :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সমস্ত নাগরিকদের হর ঘর তিরঙ্গা প্রচার আন্দোলনকে আরও জোরদার করার এবং এতে উৎসাহের সঙ্গে অংশ গ্রহনের আবেদন করেছেন। সামাজিক মাধ্যমে শ্রী শাহ জনগণকে বাড়ি  বাড়ি ৯ থেকে ১৫ আগস্টের মধ্যে জাতীয় পতাকা উত্তোলন করার আহ্বান জানিয়েছেন। তেরঙ্গার সঙ্গে একটি সেলফি তুলে হর ঘর তিরঙ্গা ওয়েবসাইট- harghartiranga.com-এ আপলোড করার জন্যও তিনি জনগনের প্রতি আবেদন জানান।

**************************

**SSB :**

সশস্ত্র সীমা বল বা SSB 'র মহানির্দেশক দলজিৎ সিং চৌধুরী সীমান্ত সুরক্ষা বাহিনীর মহানির্দেশকের অতিরিক্ত দায়িত্ব গ্রহণ করেছেন। শ্রী চৌধুরী উত্তরপ্রদেশ ক্যাডারের একজন বরিষ্ঠ আইপিএস আধিকারিক। চলতি বছরের জানুয়ারিতে তিনি এসএসবি ডিজির দায়িত্ব গ্রহণ করেন।

****************************

**Akashvani Concert :**

দিল্লিতে আকাশবাণীর রংভবন মিলনায়তনে গতকাল দু'দিন ব্যাপী আকাশবাণী সঙ্গীত সম্মেলন-২০২৪ শুরু হয়েছে। গতকাল প্রখ্যাত শিল্পী পন্ডিত রাজেন্দ্র প্রসন্ন বাঁশি এবং পন্ডিত জয়তীর্থ কন্ঠসঙ্গীত পরিবেশন করেন। পণ্ডিত বিশ্বমোহন ভট্ট, পণ্ডিত সলিল ভট্ট, পণ্ডিত সজন মিশ্র এবং স্বরাংশ মিশ্র ও অন্যান্য বিশিষ্ট শিল্পীরা আজ বিকেল সাড়ে ৫টা থেকে তাদের অনুষ্ঠান পরিবেশন করবেন।

***************************

**Olympic Games :**

প্যারিস অলিম্পিক আজ হকির কোয়ার্টার ফাইনালে ভারত গ্রেট ব্রিটেনের মুখোমুখি হবে। এছাড়া ব্যাডমিন্টনের পুরুষ বিভাগে লক্ষ্য সেন সেমিফাইনালে এবং বক্সিং-এর মহিলা বিভাগে ৭৫ কেজিতে লাভলিনা বড়গোঁহাই কোয়ার্টার ফাইনালে খেলবেন।

*****************************

**Dr. B. C.Roy trophy :**

জুনিয়র বালকদের জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ তথা ডা: বি সি রায় ট্রফি ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় স্তরের বি গ্রুপের খেলায় আজ ত্রিপুরা খেলবে প্রতিপক্ষ উত্তরাখণ্ডের বিরুদ্ধে। বেলা দুটোয় আসামের নওগাঁও-এ নুরুল আমিন স্টেডিয়াম গ্রাউন্ডে রাজ্য দলের গ্রুপ লীগের এই তৃতীয় ম্যাচটি হবে।

***************************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় দু'এক পশলা হালকা থেকে মাঝারি, কোথাও কোথাও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস।

**************************